

তারিখ: ২৭/০৭/২০১৯ খ্রি.

২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে (রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে) রেজিস্ট্রেশন করতে আগ্রহী প্রার্থীদেরকে অন-লাইনে (www.nu.ac.bd/admissions) আবেদন ফরম (A4 অফসেট সাদা কাগজে) প্রিন্ট করে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। আবেদন ফরম পূরণ করার সময় সঠিক তথ্য Submit এবং পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120x150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করত হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। আবেদন করার সময়সীমা:

(ক) পূরণকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমাদানের শেষ তারিখ : ০৩/০৮/২০১৯ খ্রি.

(খ) রেজিস্ট্রেশন ও তালিকাভুক্তি ফি বাবদ ১,৪৫০/- (এক হাজার চার শত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে।

২। আবেদনের যোগ্যতা:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে (৪০০ নম্বর সম্মিলিত) ন্যূনতম নম্বর ৪০% অথবা সিজিপিএ ন্যূনতম ২.০ থাকতে হবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্তরা আবেদন করতে পারবে না।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত ৪ বছর মেয়াদী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম নম্বর ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্তরা আবেদন করতে পারবে।

(গ) কারাবন্দীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে উত্তম আচরণের প্রত্যয়নপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

(ঙ) এ প্রোগ্রামে রেজিস্ট্রেশনকৃত প্রার্থীদের ক্ষেত্রে নতুন সিলেবাস প্রযোজ্য হবে।

৩। কাগজপত্রাদি জমা দিতে হবে:

(ক) এসএসসি/সম্মান এবং এইচএসসি/সম্মান পরীক্ষা পাশের মূল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(খ) স্নাতক (পাস/সম্মান) পরীক্ষা পাশের মূল সনদপত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(গ) ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল সনদপত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(ঙ) চাকুরীরত প্রার্থীদেরকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে- মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(চ) “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ের অধীনে মাস্টার্স কার্যক্রমে বর্তমানে আমি অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে।

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নং- রাসক/

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। সংরক্ষণ নথি।

তারিখ: ২৭/০৭/২০১৯ খ্রি.

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা